# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রতিরক্ষা মন্ত্রণালয়
## শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
## www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৯.৩৩৫.২৪.৩৮৪ তারিখ: ০২ আশ্বিন ১৪৩২/ ১৭ সেপ্টেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত বেসামরিক শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাঃবেঃস্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (এডি)<br>৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০/-) | ২৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রি; বা<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

**অনলাইনে আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. প্রার্থীর বয়স ২০ অক্টোবর ২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

২. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে;

৩. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে তা অনুসরণ করা হবে;

৪. MCQ/লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৫. প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

খ) পূরণকৃত Applicant's Copy, Admit Card সহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ১(এক) সেট ফটোকপি এবং ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক সত্যায়িত রঙিন ছবি (সর্বোচ্চ ৩ মাসের পুরানো) দাখিল করতে হবে;

গ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী হলে – উক্ত প্রার্থীগণকে এ সংক্রান্ত প্রমাণকের মূলকপি প্রদর্শন করতে হবে এবং তা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ফটোকপি দাখিল করতে হবে;

ঘ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/পৌর চেয়ারম্যান/মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে;

ঙ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে; এবং

চ) বৈধ জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ১(এক) কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৭. আবেদনপত্র পুরণ সংক্রান্ত নির্দেশনাবলী:

ক. আগ্রহী প্রার্থীগণ https://dcd.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পুরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী https://dcd.teletalk.com.bd, www.mod.gov.bd ও www.dcd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) Online-এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ সকাল ১০:০০ টা;

(ii) Online-এ আবেদনপত্র পুরণের শেষ তারিখ ও সময়: ২০ অক্টোবর ২০২৫ তারিখ বিকাল ৫:০০ টা;

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে